পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল

এবং

সিনিয়র সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯ – ৩০ জুন, ২০২০

FINAL COPY

# সূচিপত্র

উপক্রমণিকা

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১ : রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

এবং

সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৯ সালের..জুন..মাসের..২৬.....তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Bangladesh National Commission for UNESCO)
## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা
### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর - ২০১৬, ২০১৭, ২০১৮) প্রধান অর্জনসমূহ:

- বিএনসিইউ ২০১৬ সালে 'Documentation on ICoN Project: Safeguarding Jamdani-The Intangible Cultural Heritage from Bangladesh' শীর্ষক পুস্তিকা প্রকাশ করে।
- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এম.পি. গত ৫ ফেব্রুয়ারি, ২০১৭, সকাল ১০:০০ টায় ঢাকাস্থ হোটেল রেডিসনে তিনদিনব্যাপী (৫-৭ ফেব্রুয়ারি, ২০১৭) আয়োজিত E-9 Ministerial Meeting on Education 2030 শীর্ষক সম্মেলনের শুভ উদ্বোধন করেন। সম্মেলনে E-9 ফোরামের সদস্যরাষ্ট্র বাংলাদেশ, ব্রাজিল, চীন, মিশর, ভারত, পাকিস্তান, ইন্দোনেশিয়া ও নাইজেরিয়া থেকে মন্ত্রী এবং ঊর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। বিএনসিইউ শিক্ষা মন্ত্রণালয়ের অন্যতম সহযোগী হিসাবে ভূমিকা পালন করে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ 'ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার'-এ অন্তর্ভুক্তি দীর্ঘদিনের ধারাবাহিক প্রচেষ্টার ফল। এই প্রথম বাংলাদেশের কোন প্রামাণ্য ঐতিহ্য 'ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার' -এ অন্তর্ভুক্ত হলো।
- ১৫ মে ২০১৮ তারিখ ইউনেস্কো, ঢাকা অফিস ও বিএনসিইউ'র যৌথ উদ্যোগে ইউনেস্কো কর্তৃক প্রকাশিত Global Education Monitoring Report 2017/8 এর মোড়ক উন্মোচন ও বিতরণ প্রোগ্রাম আয়োজন।
- ২৪ জানুয়ারি ২০১৯ তারিখে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যৌথ আয়োজনে আন্তর্জাতিক শিক্ষা দিবস উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি., বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপমন্ত্রী জনাব মুহিবুল হাসান চৌধুরী এম.পি. এবং সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন।
- ৭ই মার্চ ২০১৯ তারিখে ইউনেস্কোর ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড রেজিস্টারভুক্ত সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের উপর এক আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. দীপু মনি এম.পি., মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারপার্সন, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি., মাননীয় উপমন্ত্রী এবং সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

**সমস্যা:**

বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তরের সাথে কাজ করার সময় বৈদেশিক/আন্তর্জাতিক সংস্থার চাহিদা ও নির্ধারিত তারিখের মধ্যে তথ্য/মনোনয়ন প্রেরণের ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। এক্ষেত্রে মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর থেকে তথ্য/মনোনয়ন প্রেরণে বিলম্ব এবং কখনো কখনো আন্তর্জাতিক সংস্থা কর্তৃক নির্ধারিত সময়সীমার স্বল্পতাই মুখ্য কারণ। স্থায়ী অফিস ভবন ও নিয়োগ বিধি না থাকার ফলে কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্য সুবাধাদি নিশ্চিত করা যাচ্ছেনা।

**চ্যালেঞ্জ:**

নিজস্ব অফিস ভবন নির্মাণ এবং যাতায়াতের জন্য প্রয়োজন অনুযায়ী নিজস্ব যানবাহনের ব্যবস্থা করা।

**ভবিষ্যত পরিকল্পনা:**

সরকারের নির্দেশনার আলোকে ইউনেস্কো ও আইসেস্কোর সাথে বাংলাদেশের অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কাজের সমন্বয় করা। ইউনেস্কো ও আইসেস্কোসহ সদস্য রাষ্ট্রসমূহের সাথে বাংলাদেশের সম্পর্কোন্নয়নে কাজ করা এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের সাথে কাজ করার ক্ষেত্রে রাষ্ট্রীয় স্বার্থকে প্রাধান্য দেয়া।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

১) আইসেস্কো'র আর্থিক সহায়তায় বিভিন্ন সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন।
২) Associated Schools Project Network কর্মসূচী অব্যাহত রাখা।
৩) ইউনেস্কো নির্বাহী বোর্ড সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণে বুদ্ধিবৃত্তিক সহযোগিতা করা।
৪) ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০১৮-১৯ এর আওতায় অনুমোদিত ৫টি প্রকল্প বাস্তবায়ন।
৫) ইউনেস্কো ও আইসেস্কো সংক্রান্ত ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংগ্রহ করা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা।

# সেকশন ১

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

**১.১ রূপকল্প (Vision):**

শিক্ষা ও সংস্কৃতির মাধ্যমে শান্তি ও সমৃদ্ধি (Peace and Prosperity through Education & Culture)

**১.২ অভিলক্ষ্য (Mission):**

শিক্ষা, সংস্কৃতি, বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগের ক্ষেত্রসমূহের যুগোপযোগী উন্নয়ন ও আধুনিকায়নের লক্ষ্যে ইউনেস্কো ও আইসেস্কোর সাথে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কাজের সমন্বয় সাধন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১। ইউনেস্কো ও আইসেস্কোর সাথে বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার মধ্যে কাজের সমন্বয় ও সম্পর্ক জোরদার করা।

**১.৪ প্রধান কার্যাবলি:**

১) শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি এবং তথ্য ও যোগাযোগ ক্ষেত্রে সরকার ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে সহযোগিতা করা।
২) UNESCO Participation Programme, বৃত্তি, পুরস্কার, শিক্ষা ইত্যাদি বিষয় সংক্রান্ত কাজ সমাধা করা।
৩) একটি স্বীকৃত সংস্থা হিসাবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং সংস্থার সাথে UNESCO Coupons Programme কার্যক্রম সমাধা করে।
৪) ইউনেস্কো'র আওতাভুক্ত গবেষণা প্রোগ্রাম সম্পন্ন করা যা উন্নয়নের সহায়ক।
৫) জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালন করা যা বিশ্ব শান্তি ও শিক্ষা সম্প্রসারণে ভূমিকা রাখে।
৬) ASPnet সংক্রান্ত বৈশ্বিক কর্মকাণ্ডে ছাত্র ও শিক্ষকদের অংশগ্রহণে সহযোগিতা করা।
৭) UNESCO ও ISESCO'র সাথে যৌথভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন।
৮) দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির মাধ্যমে বিশ্বের অন্যান্য ন্যাশনাল কমিশনের সাথে শিক্ষা ও সংস্কৃতি ক্ষেত্রের বিভিন্ন যৌথ প্রকল্প/কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন।

# সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কার্যক্রম পালন করার মধ্য দিয়ে Associated Schools Project Network কর্মসূচিতে শিক্ষক, ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সহযোগিতা ও সম্পৃক্ততা বৃদ্ধি। | কর্মসূচীর আয়োজনে বিভিন্ন স্কুলসমূহকে সম্পৃক্তকরণ | সম্পৃক্ত প্রতিষ্ঠানের সংখ্যা | কর্মসূচী চলেছে। | কর্মসূচী অব্যাহত আছে। | ৩ | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। | বিএনসিইউ ও অন্যান্য প্রতিষ্ঠান | ইউনেস্কো |
| ২। আইসেস্কোর নির্বাহী বোর্ড সভায় অংশগ্রহণ। | বাংলাদেশ সম্পর্কিত বিভিন্ন বিষয় তুলে ধরা ও বাংলাদেশের সাথে অন্যান্য সদস্য রাষ্ট্রের শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সাংস্কৃতিক আন্তঃসহযোগিতার ক্ষেত্র প্রস্তুত করা। | সভার সংখ্যা | অংশগ্রহণ করা হয়েছে। | অংশগ্রহণ করা হয়েছে। | ১ | অংশগ্রহণ করা হবে। | অংশগ্রহণ করা হবে। | বিএনসিইউ, আইসেস্কো | আইসেস্কো |
| ৩। ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০১৮-১৯ এর আওতায় অনুমোদিত ৫টি প্রকল্প বাস্তবায়ন। | চূড়ান্তভাবে অনুমোদিত প্রকল্পের সংখ্যা | প্রকল্প সংখ্যা ০৫ (পাঁচ) | ৭টি প্রকল্প প্রস্তাব যথাযথভাবে প্রেরণ | প্রেরিত ০৭টি প্রকল্পের মধ্যে ৫টি প্রকল্প অনুমোদিত হয়, বাস্তবায়নের কাজ চলমান | ৫ | নতুন প্রকল্প প্রস্তাব আহ্বান | ইউনেস্কো কর্তৃক অনুমোদিত হলে নতুন প্রকল্প বাস্তবায়ন | বিএনসিইউ ও সংশ্লিষ্ট সংস্থাসমূহ | ইউনেস্কো |

*সাময়িক

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের কৌশলগত উদ্দেশ্য/উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ইউনেস্কো ও আইসেস্কোর সম্পর্কে বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার মধ্যে কাজের সমন্বয় ও সম্পর্ক জোরদার করা | ৭৫ | ইউনেস্কো কুপন ক্রয়, নবায়ন, বিনিময় সংক্রান্ত কাজ। | কুপন প্রাপ্তির ০১ মাসের মধ্যে কুপন প্রেরণ (তথ্য প্রাপ্তির উপর নির্ভর) | মাস | ০২ | ইউনেস্কো কুপন প্রোগ্রাম চলমান ছিল। | কুপন সংক্রান্ত একটি আবেদন (নবায়ন) নিষ্পন্ন করা হয়। | ১ | ২ | ৩ | ৪ | ৫ | প্রোগ্রাম চলমান থাকবে। | প্রোগ্রাম চলমান থাকবে। |
| | | ইউনেস্কো ও আইসেস্কো সংক্রান্ত ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংগ্রহ করা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা। ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংক্রান্ত তথ্য বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ। | মনোনয়ন অনুমোদন ও মনোনয়ন প্রেরণের জন্য সকল দাপ্তরিক কাজ করা। | মনোনয়ন প্রেরণ | ১৮ | ১৮ | ১৫ | ১৩ | ১২ | ১১ | ১০ | - | আমন্ত্রণ অনুযায়ী কর্মসূচী অব্যাহত থাকবে। | আমন্ত্রণ অনুযায়ী কর্মসূচী অব্যাহত থাকবে। |
| | | Associated Schools Project Network কর্মসূচি চলমান রাখা। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কার্যক্রম পালন করার মধ্য দিয়ে Associated Schools Project Network কর্মসূচিতে শিক্ষক, ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সহযোগিতা ও সম্পৃক্ততা বৃদ্ধি। | কর্মসূচীর আয়োজনে বিভিন্ন স্কুলসমূহকে সম্পৃক্ত করা | সম্পৃক্ত প্রতিষ্ঠানের সংখ্যা | ১০ | কর্মসূচী চলেছে। | ০৬ | ০৩ | ০২ | ০১ | - | - | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। | আমন্ত্রণ/নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়িত হবে। |
| | | আইসেস্কোর নির্বাহী বোর্ড সভা ও জেনারেল কনফারেন্স এ অংশগ্রহণ আইসেস্কোর নির্বাহী বোর্ড সভা ও জেনারেল কনফারেন্স এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ প্রতিনিধি/ প্রতিনিধি দলকে | বাংলাদেশ সম্পর্কিত বিভিন্ন বিষয় তুলে ধরা ও বাংলাদেশের সাথে অন্যান্য সদস্য রাষ্ট্রের শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সাংস্কৃতিক আন্তঃসহযোগিতার ক্ষেত্র | সভার সংখ্যা | ১০ | অংশগ্রহণ করা হয়েছে। | অংশগ্রহণ করা হয়েছে। | ১ | - | - | - | - | অব্যাহত থাকবে। | অব্যাহত থাকবে। |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | প্রস্তুত, ন্যাশনাল স্টেটমেন্ট তৈরি, এজেন্ডা ব্রিফিং তৈরি। | | | | অংশগ্রহণ | | | | | | | বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণ | অংশগ্রহণ |

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০ (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘণ্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feedback) প্রদত্ত | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | | [১.২.২] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর, ২০১৯ | ১৫ নভেম্বর, ২০১৯ | ১৫ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ৩১ জানুয়ারি, ২০২০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বাস্তবায়ন | অভিযোগ নিস্পত্তিকৃত | | | | | | | |
| | | | [১.৩.২] অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ০৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১০ | [২.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারিকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] দপ্তর/সংস্থা কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [২.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ০.৫ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ, ২০২০ | ৩১ মার্চ, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ৩০ মে, ২০২০ |
| | | [২.৩] দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ০১ এপ্রিল, ২০২০ | ০৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৪] সেবা সহজিকরণ | [২.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর, ২০১৯ | ২০ অক্টোবর, ২০১৯ | ২৪ অক্টোবর, ২০১৯ | ২৮ অক্টোবর, ২০১৯ | ৩০ অক্টোবর, ২০১৯ |
| | | | [২.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১৫ এপ্রিল, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ১৫ মে, ২০২০ | ৩০ মে, ২০২০ | ১৫ জুন, ২০২০ |
| | | [২.৫] পিআরএল শুরুর ০২ মাস | [২.৫.১] পিআরএল আদেশ | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | জারিকৃত | | | | | | | |
| | | | [২.৫.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [২.৬.২] নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.৭] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [২.৭.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | % | ০১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | [২.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৮.১] সকল তথ্য হালনাগাদকৃত | % | ০১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৭ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.৪.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.৪.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ করা | [৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | [৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

২৬.০৬.২০১৭

ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন — তারিখ

২৬.০৬.২০১৭

সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয় — তারিখ

## সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

১। বিএনসিইউ: বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

২। BNCU: Bangladesh National Commission for UNESCO

৩। UNESCO : United Nations Educational, Scientific and Cultural Organization

৪। ইমলি (IMLI): ইন্টারন্যাশনাল মাদার ল্যাংগুয়েজ ইনস্টিটিউট (International Mother Language Institute)

৫। ISESCO: Islamic Educational, Scientific and Cultural Organization

৬। ASPnet- Associated Schools Project Network

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ইউনেস্কো ও আইসেস্কো সংক্রান্ত ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংগ্রহ করা ও মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা। ফেলোশিপ, বৃত্তি, পুরস্কার সংক্রান্ত তথ্য বিভিন্ন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থায় প্রেরণ। | মনোনয়ন অনুমোদন ও মনোনয়ন প্রেরণের জন্য সকল দাপ্তরিক কাজ করা। | নথি প্রস্তুত ও এ সংক্রান্ত সকল কাজ সমাধা করা | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় | মনোনয়ন প্রাপ্তির সংখ্যা<br>ইউনেস্কো ও আইসেস্কো | |
| ২। | Associated Schools Project Network কর্মসূচি চলমান রাখা। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কার্যক্রম পালন করার মধ্য দিয়ে Associated Schools Project Network কর্মসূচিতে শিক্ষক, ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সহযোগিতা ও সম্পৃক্ততা বৃদ্ধি। | কর্মসূচীর আয়োজনে বিভিন্ন স্কুলসমূহকে সম্পৃক্ত করা | এ বিষয়ে সকল দাপ্তরিক কাজ সম্পন্ন করা। | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন | প্রতিষ্ঠানের সংখ্যা<br>ইউনেস্কো | |
| ৩। | ইউনেস্কো কুপন ক্রয়, নবায়ন, বিনিময় সংক্রান্ত কাজ। | কুপন প্রাপ্তির ০১ মাসের মধ্যে কুপন প্রেরণ (তথ্য প্রাপ্তির উপর নির্ভর) | নথি প্রস্তুত, অনুমোদন, পত্র জারি সংক্রান্ত সকল কাজ সমাধা করা | বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ইউনেস্কো ঢাকা অফিস, ইউনেস্কো প্যারিস। | কুপনের পরিমাণ<br>সংশ্লিষ্ট সংস্থা | |

## সংযোজনী-৩ অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

দ্রষ্টব্য: বিএনসিইউ'র সকল কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিভিন্ন মন্ত্রণালয়, ইউনেস্কো, আইসেস্কো, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সম্পর্কিত ও নির্ভরশীল।